ঠাকুরগাঁওয়ে বিমানবন্দর চালু ও মেডিক্যাল কলেজ, ইপিজেড, বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবিতে মানববন্ধন

শামসুল আলম, ঠাকুরগাঁও:: ঠাকুরগাঁওয়ে মেডিকেল কলেজ, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড), পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বন্ধ বিমানবন্দর পুনরায় চালুর দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার (২৮ অক্টোবর) সকাল ১১টায় ‘নাগরিক উন্নয়ন ফোরাম ঠাকুরগাঁও’ এর ব্যানারে ঠাকুরগাঁও চৌরাস্তায় ঘণ্টাব্যাপি এ মানববন্ধনের পালিত হয়। এতে অংশ নেন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের প্রতিনিধি, ব্যবসায়ী, পেশাজীবীসহ নানা শ্রেণী-পেশার হাজারোও মানুষ।
এসময় বক্তব্য রাখেন, জেলা বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র,জনাব মির্জা ফয়সাল আমিন, সাধারণ সম্পাদক মোঃ পয়গাম আলী, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান তুহিন সহ আয়োজক কমিটির মমিনুর রহমান বিশাল,কামরুল হাসান সহ অনেকে।

বক্তারা বলেন, দেশের অবহেলিত উত্তরাঞ্চলের অন্যতম জেলা ঠাকুরগাঁও উন্নয়নের ক্ষেত্রে দীর্ঘদিন ধরে পিছিয়ে রয়েছে। মানসম্মত স্বাস্থ্যসেবা, উন্নত যাতায়াত ব্যবস্থা ও উচ্চশিক্ষার সুযোগের অভাবে এখানকার মানুষ নানাভাবে ভোগান্তির শিকার হচ্ছেন।
তারা আরও বলেন, জেলায় আধুনিক চিকিৎসা সুবিধা না থাকায় রোগীদের অনেকেই উন্নত চিকিৎসার জন্য দূর জেলায় যেতে বাধ্য হন যাতায়াত ব্যবস্থার দুরবস্থার কারণে পথিমধ্যেই মৃত্যুবরণ করেন অনেকে।

অন্যদিকে কর্মসংস্থানের সুযোগ না থাকায় হাজার হাজার যুবক বেকারত্বে ভুগছে এবং অনেকে মাদকের দিকে ঝুঁকছে।

বক্তারা এসব সমস্যার সমাধানে দ্রুত সময়ের মধ্যে ঠাকুরগাঁওয়ে একটি মেডিকেল কলেজ, ইপিজেড, পাবলিক বিশ্ববিদ্যালয় ও বিমানবন্দর চালুর দাবি জানান এবং এ বিষয়ে সরকারের দ্রুত পদক্ষেপ প্রত্যাশা করেন।